

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৫৭

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৮

২৪ মে ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ

আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর-০২ (দুই), তারিখ: ২২.০৫.২০২১

পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি একই এলাকায় ঘনীভূত হয়ে সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়েছে। এটি ঘনীভূত হয়ে নিম্নচাপ এবং পরবর্তীতে গভীর নিম্নচাপ ও ঘূর্ণিঝড়ে পরিণত হতে পারে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০১ (এক) (পুনঃ) ০১ (এক) নম্বর দূরবর্তী সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

বঙ্গোপসাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে গভীর সাগরে বিচরণ না করতে বলা হয়েছে। সেই সাথে গভীর সাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে ২৩ মে ২০২১ এর মধ্যে উপকূলে ফিরে আসতে বলা হয়েছে।

আজ ২৩ মে ২০২১ খ্রিঃ সকাল ০৯:০০ হতে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্ক বার্তা নাই এবং কোন কোন সতর্ক সংকেত দেখাতে হবে না।

২৩ মে ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি একই এলাকায় ঘনীভূত হয়ে সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়েছে। এটি ঘনীভূত হয়ে নিম্নচাপ এবং পরবর্তীতে গভীর নিম্নচাপ ও ঘূর্ণিঝড়ে পরিণত হতে পারে। এর বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে।

পূর্বাভাসঃ বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং খুলনা, ঢাকা ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত: শুষ্ক থাকতে পারে।

তাপপ্রবাহঃ রাজশাহী, সীতাকুণ্ড, কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, মৌলভীবাজার, রাজশাহী ও পাবনা অঞ্চলসহ ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের উপর দিয়ে মুদু থেকে মাঝারী ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা কিছু জায়গা থেকে প্রশমিত হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবনতা বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৮.২	৩৫.৫	৩৮.৮	৩৭.০	৩৭.০	৩৫.৫	৩৮.৭	৩৭.৫
সর্বনিম্ন তাপমাত্রা	২৭.২	২৭.৯	২৫.০	২৬.৫	২৬.৫	২৫.৩	২৭.০	২৭.০

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ফেনী ৩৮.৮° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা কক্সবাজার ২৫.০° সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২১ মে, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২২ মে, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২৮ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৭	৫	০
২।	ময়মনসিংহ	২	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	১১	০	০
৮।	খুলনা	৬	০	০
	মোট	২৮	৫	০

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ত্রাণ কার্যক্রমঃ

১। ১৮/০৫/২০২১ তারিখে ১৬২ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দরিদ্র ও দুস্থ পরিবারের সাহায্যার্থে দেশের ৬৪ জেলার মোট ৪,৫৭০ টি ইউনিয়নের অনুকূলে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হারে সর্বমোট ১১৪,২৫,০০০/- (একশত চৌদ্দ কোটি পঁচিশ লক্ষ) মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে বরাদ্দ প্রদান করা হলো।

২। ১৮/০৫/২০২১ তারিখে ১৬৩ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দরিদ্র ও দুস্থ পরিবারের সাহায্যার্থে দেশের ৬৪ জেলার মোট ৩২৮ টি পৌরসভার অনুকূলে বিভিন্ন হারে সর্বমোট ৫,৬৭,৫০,০০০/- (পাঁচ কোটি সাতষট্টি লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে বরাদ্দ প্রদান করা হলো।

৩। ১৮/০৫/২০২১ তারিখে ১৬৪ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দরিদ্র ও দুস্থ পরিবারের সাহায্যার্থে দেশের ৬৪ জেলা ও ১২ টি সিটি কর্পোরেশনে বিভিন্ন হারে সর্বমোট ১,৭৭,৫০,০০০/- (এক কোটি সাতাত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে বরাদ্দ প্রদান করা হলো।

৪। ১৯/০৫/২০২১ তারিখে ১৬৭ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে শরীয়তপুর -২ নির্বাচনী এলাকার সখিপুর থানার দক্ষিণ তারাবুনিয়া ইউনিয়ন পরিষদ বাজারে গত ১৭/০৫/২০২১ খ্রিঃ তারিখের অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ১৬ টি

দোকানপাত মেরামতের জন্য মানবিক সহায়তা হিসেবে নিম্নরূপ বরাদ্দ প্রদান করা হয়েছে।

ক্রঃ	জেলা/ নির্বাচনী এলাকা	টেউটিন বরাদ্দের পরিমাণ (বান্ডিল)	গৃহমঞ্জুরি বরাদ্দের পরিমাণ (টাকা)
০১	শরীয়তপুর (শরীয়তপুর -২ নির্বাচনী এলাকার সখিপুর থানার জন্য)	(১৬X৩) = ৪৮ (আটচল্লিশ) বান্ডিল	(৩,০০০X ৪৮) = ১,৪৪,০০০/- (এক লক্ষ চুয়াল্লিশ হাজার)

২৪-৫-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৫৭/১(১৭০)

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৮

২৪ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

২৪-৫-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা